সংবাদ

তারিখ NOV. 1 . 2006

পৃষ্ঠা ১৪ কলাম ৭

১৫



গতকাল বাউবি সাধারণ ছাত্রছাত্রীরা ১২ দফা বাস্তবায়নের জন্য উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করে

# বাউবি উপাচার্যের কাছে ছাত্র ঐক্য পরিষদের ১২ দফা দাবি পেশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন প্রোগ্রামের সাধারণ ছাত্রছাত্রীদের ১২ দফা দাবি বাস্তবায়নের জন্য উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করেছে বাউবি কেন্দ্রীয় ঐক্য পরিষদ।

গতকাল সকাল ১০টায় বাউবি কেন্দ্রীয় ছাত্র ঐক্য পরিষদের আহ্বানে সভাপতি মো. হাবিবুর রহমান হাবিব, সাধারণ সম্পাদক ফারুক আহমেদ ও সাংগঠনিক সম্পাদক মো. মনির হোসেনের নেতৃত্বে শান্তিপূর্ণভাবে শেখ বোরহান উদ্দীন পোস্ট গ্রাজুয়েট কলেজ থেকে বিভিন্ন টিউটোরিয়াল কেন্দ্রের ছাত্রছাত্রীরা সমবেত হয়ে মিছিল শুরু করে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে গিয়ে একটি সমাবেশের মাধ্যমে মিছিল শেষ করেন। সমাবেশে বক্তব্য রাখেন বাউবির কেন্দ্রীয় ছাত্র ঐক্য পরিষদের সংগ্রামী সভাপতি মো. হাবিবুর রহমান হাবিব। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীদের ১২ দফা প্রাণের দাবি মেনে নেয়ার জন্য বাউবির মাননীয় উপাচার্য মহোদয়কে অনুরোধ জানানো হয়। তিনি আরও বলেন, ৩০ শে নভেম্বরের মধ্যে দাবিগুলো মেনে না নেয়া হলে বাউবি কেন্দ্রীয় ছাত্র ঐক্য পরিষদ যে কোন প্রকার কর্মসূচি দিতে বাধ্য থাকবে। সাধারণ সম্পাদক ফারুক আহমেদ বলেন, বাউবির সাধারণ ছাত্রছাত্রীদের ১২ দফা দাবি আগামী ৩০ নভেম্বরের মধ্যে অবশ্যই বাস্তবায়ন করার জন্য বাউবির মাননীয় উপাচার্য ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানান। সে সঙ্গে হুশিয়ার করে বলেন, ওই সময়ের মধ্যে সাধারণ ছাত্রছাত্রীদের দাবি বাস্তবায়ন না হলে কেন্দ্রীয় ছাত্র ঐক্য পরিষদ দাবি আদায়ের লক্ষ্যে যে কোন কর্মসূচি দিলে উদ্ভূত পরিস্থিতির জন্য বাউবি কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

ওই সভায় অসংখ্য ছাত্রছাত্রী উপস্থিত ছিল। উপস্থিত অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় ছাত্র ঐক্য পরিষদের সহ-সভাপতি এইচএম রেজাউল করিম রেজা, দপ্তর সম্পাদক বাহাউদ্দীন মিয়া, ছাত্র বিষয়ক সম্পাদক আব্বাস উদ্দীন, সহ-ছাত্র বিষয়ক সম্পাদক তুহিন মাহমুদ, প্রচার সম্পাদক শান্ত চৌধুরী, সহ-প্রচার জিএম হাবিব, ফারুক আহমেদ, মকবুল হোসেন, রোকনুজ্জামান, আনোয়ার হোসেন, এরশাদ, জাকির হোসেন, ডিএম ফারুক হোসেন, সেন্টু, মহসিন, জিয়া, ইমন, বাসেত, ফরহাদ হোসেন, মো. আ. সোবহান, ফাহিম, লিপি, কামরুল, হেদায়েত, শামীমা, ইভা, লায়লা, শিউলী, তাসলিমা, লিমা, সেলিনা সুলতানা (সিমা), প্রমুখ। অন্যান্য টিউটোরিয়াল কেন্দ্রের নেতৃবৃন্দ ওই সভায় উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।